রেজিস্টার্ড নং ডি এ -১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, নভেম্বর ২২, ২০১২**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৬ অগ্রহায়ণ ১৪১৯ বঙ্গাব্দ/২০ নভেম্বর ২০১২ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৯০-আইন/২০১২।**—যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের **১১৫** অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি একটি বিধিমালা প্রণয়নক্রমে বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন নামে একটি স্বতন্ত্র কমিশন গঠন করিয়াছেন এবং যেহেতু উক্ত বিধিমালায় কমিশন সচিবালয় গঠনের বিধান আছে;

সেহেতু, উক্ত কমিশন সচিবালয়ের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগের নিমিত্ত রাষ্ট্রপতি সংবিধানের **১৩৩** অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা **বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয় (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১২** নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীর প্রতি প্রযোজ্য হইবে; তবে প্রেষণে নিয়োজিত কর্মকর্তাগণের ক্ষেত্রে, এই বিধিমালার কোন কিছু প্রযোজ্য বলিয়া তাহাদের চাকুরী শর্তে স্পষ্টভাবে উল্লিখিত না থাকিলে তাহা প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ প্রথম শ্রেণী বা তদুর্ধ্ব পদে নিয়োগের ক্ষেত্রে কমিশনের চেয়ারম্যান এবং দ্বিতীয় শ্রেণী বা তৎনিম্নের কোন পদে নিয়োগের ক্ষেত্রে কমিশন সচিবালয়ের সচিব;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোন পদে নিয়োগের নিমিত্ত তফসিলে উক্ত পদের বিপরীতে উল্লিখিত ন্যূনতম যোগ্যতা;

(চ) "বাছাই কমিটি" অর্থ কোন পদে নিয়োগদানের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে এই বিধিমালার অধীন নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত কোন বাছাই কমিটি;

(ছ) "শিক্ষানবিস" অর্থ কোন পদের বিপরীতে শিক্ষানবিস হিসাবে নিয়োগপ্রাপ্ত কোন ব্যক্তি; এবং

(জ) "স্বীকৃত প্রতিষ্ঠান", "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ড কে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্যপূরণকল্পে, বাংলাদেশ সরকারী কর্মকমিশনের সহিত পরামর্শ গ্রহণ ব্যতিরেকে, সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী এবং তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে, শুন্য পদে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের সহিত পরামর্শ গ্রহণ ব্যতিরেকে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; অথবা

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

৪। **বাছাই কমিটির সুপারিশ ব্যতীত নিয়োগ নিষিদ্ধ।**—সরাসরি বা পদোন্নতির মাধ্যমে নিয়োগদানের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে, নিয়োগকারী কর্তৃপক্ষ এক বা একাধিক বাছাই কমিটি গঠন করিবে এবং বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগ করা যাইবে না।

৫। **সরাসরি নিয়োগ।**—(১) কোন ব্যক্তি কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) বাংলাদেশের নাগরিক নহেন এইরূপ কোন ব্যক্তিকে বিবাহ করিয়া থাকেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হইয়া থাকেন।

(২) কোন ব্যক্তি কোন পদে সরাসরিভাবে নিযুক্ত হইবার যোগ্য হইবেন না, যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়স তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

(৩) কোন পদে সরাসরিভাবে নিয়োগ করা যাইবে না, যদি–

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা, ক্ষেত্রে বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভূগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৪) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি–

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকরি কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৬। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এই বিধিমালার অন্যান্য বিধান ও তফসিল সাপেক্ষে, কোন ব্যক্তিকে পরবর্তী পদোন্নতির জন্য বিবেচনা করা হইবে।

(২) কেবলমাত্র জ্যেষ্ঠতার কারণে কোন ব্যক্তি অধিকার হিসাবে তাহার পদোন্নতি দাবী করিতে পারিবেন না।

(৩) জ্যেষ্ঠতা তথা মেধার ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা হইবে, তবে চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হইলে কোন ব্যক্তিকে পদোন্নতির জন্য বাছাই কমিটি সুপারিশ করিবে না।

৭। **শিক্ষানবিস**।–(১) কোন শূন্য পদের বিপরীতে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসির স্তরে–

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য, এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারিবে যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করনে যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকরির অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ–

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসি মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাঁহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ –

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশবলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন এবং প্রশিক্ষণ গ্রহণ করেন।

৮। **প্রেষণে নিয়োগ**।—কোন পদে প্রজাতন্ত্রের কোন কর্মকর্তার নিয়োগের প্রয়োজন হইলে, কমিশনের চেয়ারম্যান সরকারকে অনুরোধ করিতে পারিবেন এবং সরকার তদনুযায়ী প্রেষণে বদলীর মাধ্যমে নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

## তফসিল

**[বিধি ২ (খ) এবং বিধি ৩ দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| (১) | সচিব | - | প্রেষণে বদলীর মাধ্যমে। | বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সমপদমর্যাদার কোন কর্মকর্তা। |
| (২) | পরিচালক/পরীক্ষা নিয়ন্ত্রক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** উপ-পরিচালক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; **প্রেষণে বদলীর ক্ষেত্রে :** বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সমপদমর্যাদার কোন কর্মকর্তা। |
| (৩) | উপ-সচিব | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** উপ-পরিচালক পদে ৫ (পাঁচ) বৎসরের চাকরি; **প্রেষণে বদলীর ক্ষেত্রে :** বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সমপদমর্যাদার কোন কর্মকর্তা। |
| (৪) | উপ-পরিচালক | ৪০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** সহকারি সচিব অথবা সহকারি পরিচালক পদে ৭ (সাত) বৎসরের চাকরি; **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে **১**ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং **১**ম শ্রেণীর সরকারি পদে ৭ (সাত) বৎসরের চাকরি; **প্রেষণে বদলীর ক্ষেত্রে :** বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সমপদম*র্যাদার কোন কর্মকর্তা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (৫) | সহকারি সচিব/সিনিয়র সহকারি সচিব (প্রশাসন) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>চেয়ারম্যানের ব্যক্তিগত সহকারী /কম্পিউটার অপারেটর অথবা সচিবের ব্যক্তিগত সহকারি /কম্পিউটার অপারেটর পদে ১২ (বার) বৎসরের চাকরি;<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নতকোত্তর ডিগ্রী;<br><br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে :**<br>বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সমপদমর্যাদার কোন কর্মকর্তা। |
| (৬) | সহকারি সচিব/সিনিয়র সহকারি সচিব (বাজেট/ হিসাবরক্ষণ) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>শাখা সহকারি অথবা হিসাবরক্ষক পদে ১২ (বার) বৎসরের চাকরি;<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br><br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে :**<br>বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সমপদমর্যাদার কোন কর্মকর্তা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (৭) | সহকারি পরিচালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলীর মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা ২য় শ্রেণীর স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী এবং আইন বিষয়ে গবেষণা, প্রকাশনা ও আইন পেশায় অভিজ্ঞতা থাকিতে হইবে;<br><br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে :**<br>বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সমপদমর্যাদার কোন কর্মকর্তা। |
| (৮) | সহকারি সচিব (চেয়ারম্যানের একান্ত সচিব) | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে অথবা প্রেষণে বদলীর মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>শাখা সহকারি অথবা হিসাব রক্ষক পদে ১২ (বার) বৎসরের চাকরি;<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ১ম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা স্নাতক (সম্মান) সহ অনূ্যন ২য় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী;<br><br>**প্রেষণে বদলীর ক্ষেত্রে :**<br>বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস এর সমপদমর্যাদার কোন কর্মকর্তা। |
| (৯) | সহকারি লাইব্রেরীয়ান | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রী। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১০) | কম্পিউটার অপারেটর | | The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| (১১) | চেয়ারম্যানের ব্যক্তিগত সহকারি/ কম্পিউটার অপারেটর | - | (ক) The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 এর সাঁটলিপিকার এর যোগ্যতা অনুযায়ী; অথবা<br><br>(খ) সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক ২১ ডিসেম্বর, ২০১০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ৪০০-আইন/২০১০/০৫/১৭০.০২২.০৩.০৫ .০৪১.২০১০ অনুযায়ী “সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারি-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারি ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা ২০১০” অনুযায়ী, তবে মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা :—<br>(অ) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(আ) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ;<br>অথবা<br>(গ) The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পদের নাম</th><th>সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা</th><th>নিয়োগ পদ্ধতি</th><th>প্রয়োজনীয় যোগ্যতা</th></tr>
<tr><td>(১২)</td><td>সচিবের ব্যক্তিগত সহকারি/কম্পিউটার অপারেটর</td><td>-</td><td colspan="2">(ক) The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 এর সাঁটলিপিকার এর যোগ্যতা অনুযায়ী; অথবা<br><br>(খ) সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক ২১ ডিসেম্বর, ২০১০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ৪০০-আইন/২০১০/০৫/১৭০.০২২.০৩.০৫.০৪১ .২০১০ অনুযায়ী “সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারি-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারি ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা ২০১০” অনুযায়ী, তবে মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা :—<br><br>(অ) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(আ) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ;<br>অথবা<br>The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।</td></tr>
<tr><td>(১৩)</td><td>কম্পিউটার অপারেটর (উপ-সচিবের ব্যক্তিগত সহকারি)</td><td></td><td colspan="2">The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী।</td></tr>
</table>

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১৪) | পরিচালক/পরীক্ষা নিয়ন্ত্রকের ব্যক্তিগত সহকারি | | The Stenographers and Steno-typists (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1978 এর সাঁটলিপিকার এর যোগ্যতা অনুযায়ী; অথবা<br><br>সংস্থাপন মন্ত্রণালয় কর্তৃক ২১ ডিসেম্বর, ২০১০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ৪০০-আইন/২০১০ /০৫/১৭০.০২২.০৩.০৫.০৪১.২০১০ অনুযায়ী "সাঁটলিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনোটাইপিষ্ট, অফিস সহকারি-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারি ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা ২০১০" অনুযায়ী, তবে মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা :—<br>(অ) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ;<br>(আ) ইংরেজি : প্রতি মিনিটে সর্বনিম্ন ৩০ শব্দ;<br>অথবা<br>The Computer Personnel (Government and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| (১৫) | হিসাব রক্ষক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>ক্যাশিয়ার পদে ৩ (তিন) বৎসরের চাকরি;<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতা। |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১৬) | ক্যাশিয়ার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিষয়ে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ হিসাব সংক্রান্ত কাজে অভিজ্ঞতা। |
| (১৭) | শাখা সহকারী | - | The Ministries and Divisions (Upper Division Assistant and Section Assistant) Recruitment Rules, 1984 অনুযায়ী। | |
| (১৮) | স্টোর কীপার | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের মাধ্যমে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী অথবা সমমানের যোগ্যতা। |
| (১৯) | ডাটা এন্ট্রি অপারেটর | - | The Computer Personnel (Grovernment and Local Authorities) Recruitment Rules, 1985 অনুযায়ী। | |
| (২০) | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | - | নিম্নমান সহকারী তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম,এল,এস,এস (মন্ত্রণালয় /বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী, তবে "সাঁট-লিপিকার বা স্টেনোগ্রাফার, সাঁট-মুদ্রাক্ষরিক বা স্টেনো টাইপিস্ট, অফিস সহকারী-কাম-মুদ্রাক্ষরিক, মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী ও মুদ্রাক্ষরিক পদের পদবী পরিবর্তন ও নিয়োগ যোগ্যতা নির্ধারণ (বিশেষ বিধান) বিধিমালা, ২০১০" অনুযায়ী তবে মুদ্রাক্ষর যন্ত্রের গতি সম্পর্কিত বিধানের পরিবর্তে কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ প্রতিস্থাপিত হইবে, যথা:-<br>(ক) বাংলা : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ;<br>(খ) ইংরেজী : প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। | |

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (২১) | ডেসপাচ কাম ইস্যু ক্লার্ক | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>এম.এল.এস.এস পদে ৩ (তিন) বৎসরের চাকরিসহ কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br><br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| (২২) | গাড়ী চালক | - | The Gazetted & Non-Gazetted Staff (Government Transport Directorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | |
| (২৩) | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর কাম ফটোস্ট্যাট মেশিন অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং ডুপ্লিকেটিং মেশিন ও ফটোস্ট্যাট মেশিন পরিচালনায় দক্ষতা। |
| (২৪) | ডেসপাস রাইডার | - | নিম্নমান সহকারী তথা-মুদ্রাক্ষরিক, প্লেইন পেপার কপিয়ার, ডুপ্লিকেটিং মেশিন অপারেটর, ডেসপাস রাইডার, দপ্তরী ও এম.এল.এস.এস (মন্ত্রণালয়/বিভাগ ও সংযুক্ত অধিদপ্তর) বিধিমালা, ১৯৯৩ অনুযায়ী। | |
| (২৫) | ক্যাশ সরকার | | মন্ত্রণালয় ও বিভাগসমূহের হিসাব কোষের কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৫ অনুযায়ী। | |
| (২৬) | এম.এল.এস.এস | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পদের নাম</th><th>সরাসরি নিয়োগের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা</th><th>নিয়োগ পদ্ধতি</th><th>প্রয়োজনীয় যোগ্যতা</th></tr>
<tr><td>(২৭)</td><td>(ক) নাইট গার্ড</td><td>৩০ বৎসর</td><td>সরাসরি নিয়োগের মাধ্যমে</td><td>অষ্টম শ্রেণী অথবা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।</td></tr>
<tr><td></td><td>(খ) নাইট গার্ড</td><td>--</td><td colspan="2" rowspan="2">'আউট সোর্সিং(Out Sourcing) এর মাধ্যমে 'সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮' অনুযায়ী।</td></tr>
<tr><td>(২৮)</td><td>মালী</td><td>--</td></tr>
<tr><td>(২৯)</td><td>সুইপার</td><td>৩০ বৎসর</td><td>সরাসরি নিয়োগের মাধ্যমে</td><td>অষ্টম শ্রেণী অথবা জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবু সালেহ শেখ মোঃ জহিরুল হক
সচিব(দায়িত্বপ্রাপ্ত)